

# পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী আয়োগ

## তন্তুজ ভবন, সল্ট লেক, কোলকাতা।

### জন-শুনানির বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, আগামী ২৪.০৫.২০২৫ তারিখে বেলা ১২ টার সময় “আদিবাসী ভবন” –এ (প্রেমিসেস নং ২২২১, অ্যাকশন এরীয়া ৩এ, রাজারহাট, নিউটাউন, কোলকাতা-৭০০১৬০) একটি জন-শুনানির আয়োজন করা হয়েছে। এই জন-শুনানিতে “লায়েক (মুসলিম), খানসামা, ধাবক (মুসলিম), নেপালি ব্রাহ্মণ” সম্প্রদায়গুলির “অন্যান্য অনগ্রসর শ্রেণীতে” অন্তর্ভুক্তিকরণের আবেদনের পর্যালোচনা করা হবে। ঐ সকল সম্প্রদায়ের প্রতিনিধিগণ এবং অন্যান্য আগ্রহী ব্যক্তিগণকে এই জন-শুনানিতে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

আদেশানুসারে

সদস্য-সচিব

পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী আয়োগ